দুঃখ যে তোর নয় রে চিরন্তন—
পার আছে রে এই সাগরের বিপুল ক্রন্দন ॥
এই জীবনের ব্যথা যত   এইখানে সব হবে গত,
চিরপ্রাণের আলয়-মাঝে অনন্ত সান্ত্বন ॥
মরণ যে তোর নয় রে চিরন্তন—
দুয়ার তাহার পেরিয়ে যাবি, ছিঁড়বে রে বন্ধন ।
এ বেলা তোর যদি ঝড়ে   পূজার কুসুম ঝ'রে পড়ে,
যাবার বেলায় ভরবে থালায় মালা ও চন্দন ॥

---

Parjaay: Puja, Taal: Tritaal, Raag: Bhairavi

Visit www.geetabitan.com for notation and other detail